

২১৫ অ, ২৬/৩/০৩ - ২

## ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড (ডেসকো),

বাড়ী নং-৫, সড়ক নং-১১/২, ব্লক-বি, সেকশন-১০, মিরপুর, ঢাকা-১২১৬।

সেপ্টেম্বর ১১, ২০০৩ ইং

স্মারক নং-ডেসকো/এমএ/২০০৩/৪০৮৭ - ২

-ঃ প্রজ্ঞা নঃ-

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গ্রাহক কর্তৃক মিটারে অবৈধ হস্তক্ষেপ যথা- ফ্যান্টারী সীল, প্যাডলক সীল, টুইস্ট টাইট সীল ভেঙ্গে ফেলে বা কেটে ফেলে মিটার টেম্পারিং করা বা মিটারের কার্যকারীতা নষ্ট করা, মিটারের সোর্স লোড স্ট করা, মিটার অভ্যন্তরের সেন্সর কভার সরিয়ে ফেলা ইত্যাদি ক্ষেত্রে গ্রাহকের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করণসহ মিটার খুলে আনা এবং মিটার পরীক্ষা করার বিধান রয়েছে। এ সকল ক্ষেত্রে গ্রাহককে নিম্নোক্ত নিয়মে জরিমানা আদায় ও পুনঃ সংযোগ প্রদান করা হবে।


- (ক) অবৈধ হস্তক্ষেপকারী গ্রাহকের ব্যবহৃত লোড/সংযোগকৃত লোড (যাহা বেশী হয়) এর উপর ভিত্তি করে ৩ (তিন) মাস দৈনিক ৬/৮ ঘন্টা ব্যবহার ধরে স্বাভাবিক মূল্যের তিন গুন হারে জরিমানা বিল আদায় করা হবে। এছাড়া ডিসি/আরসি ফি আদায় পূর্বক পুনঃ সংযোগ দেয়া যাবে। জরিমানা বিল পরের ক্ষেত্রে সংশ্লিষ্ট সময়ের বিলকৃত ইউনিট বাদ দিতে হবে।
- (খ) মিটারে অবৈধ হস্তক্ষেপ জনিত কারণে মিটার ব্যবহার অনুপযোগী হলে মিটারের দাম আদায় এবং অনুচ্ছেদ (ক) এ বর্ণিত জরিমানা আদায় সাপেক্ষে পুনঃ সংযোগ প্রদান করা যাবে।
- (গ) যে সকল গ্রাহকের মিটারের Accuracy গ্রহণযোগ্য সীমার মধ্যে পাওয়া যাবে না বা পরীক্ষার বীর গতি সম্পন্ন পাওয়া যাবে সে সকল গ্রাহকের ক্ষেত্রে কম ইউনিট/রেকর্ড বিহীন ইউনিট/অনুমোদিত লোড এর উপর অনুচ্ছেদ (ক) অনুযায়ী জরিমানা ধার্য করা হবে।
- (ঘ) বর্ণিত অনুচ্ছেদ (ক) এবং (খ) কেবলমাত্র প্রথমবারে মিটারে হস্তক্ষেপ জনিত কারণে বিবেচিত হবে। কোন অবস্থাতেই একই অবস্থানে দ্বিতীয়বার হস্তক্ষেপ জনিত কারণে বিবেচিত হবে না।

এ সকল ক্ষেত্রে "অনুরূপ ঘটনার পুনরাবৃত্তি হবে না" মর্মে ১৫০/- (এক শত পঞ্চাশ) টাকার স্ট্যাম্পে অঙ্গীকারনামা গ্রহন করতে হবে।

এই আদেশ কার্যকরী হবার সাথে সাথে স্মারক নং-ডেসকো/এমএ/২০০৩/৩৪৭৫, তারিখ- ৩১/০৭/২০০৩ ইং মোতাবেক জারীকৃত প্রজ্ঞাপনটি বাতিল বলে গণ্য হবে।

এই আদেশ অবিলম্বে কার্যকরী হবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে-



প্রকৌশল এম.এম. ফরিদুল হক  
ব্যবস্থাপক (প্রশাসন)

সদয় অবগতির জন্য অনুরোধ :

- ১। ব্যবস্থাপনা পরিচালক।
- ২। পরিচালক (অর্থ)/(কারিগরী)।
- ৩। ব্যবস্থাপক (পদ্ধতি পরিচালন)/(বাণিজ্যিক পরিচালন), মিরপুর/আইটি ব্যবস্থাপক, বিক্রয় ও বিতরণ বিভাগ (গুলশান/উত্তরা/বারিধারা)।
- ৪। প্রধান হিসাব রক্ষক/সিনিয়র ইঞ্জিনিয়ার/কোম্পানী সচিব।
- ৫। ফাইল।